

দেশের ৩৮ হাজার সরকারি প্রাথমিক বিদ্যালয়ে আজ এক ঘণ্টার কর্মবিরতি

যুগান্তর রিপোর্ট

দেশের ৩৮ হাজার সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রায় ২ লাখ শিক্ষক আজ এক ঘণ্টা কর্মবিরতি পালন করছেন। ব্র্যাককে বিদ্যালয়ের শিক্ষা ব্যবস্থাপনা, মনিটরিং এবং শিক্ষক প্রশিক্ষণের কাজ দেয়ার প্রতিবন্দে তারা এ কর্মসূচির আঁচ দিয়েছেন। ১০ এপ্রিলের মধ্যে সরকারি বিদ্যায় প্রত্যাহার না হলে তারা প্রাথমিক ও গণশিক্ষা উপদেষ্টা রূপে কে চৌধুরীর পদত্যাগ দাবিসহ আরও কঠোর আন্দোলনে যাওয়ারও হুমকি দিয়েছেন। আজ ঘোষণা করা হবে এই কর্মসূচি।

নসরবার ঢাকায় এক সংবাদ সম্মেলনে শিক্ষকদের সংগঠন বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতির নেতারা এই কর্মসূচির ঘোষণা দেন। তারা সংবাদ সম্মেলনে বলেন, ছাত্রের অধিকার প্রতি শ্রদ্ধা জানিয়ে তারা এখনও নিবৃত্ত রয়েছেন। অন্যথায় লাখ লাখ শিক্ষক আন্দোলনে ঢাকায় চলে আসত। তারা বলেন, ইসি ইডিয়া কোম্পানির মতো পুঁজুপ্রসারী ঘড়ঘড় নিয়ে ব্র্যাককে ছুঁল মনিটরিং ও শিক্ষক প্রশিক্ষণের মতো কাজ দেয়ার দিক্ত নেয়া হচ্ছে।